



দুর্নীতি ও মানিলভারিংয়ের অভিযোগে সাবেক ওসির বিরুদ্ধে দুদকের মামলা



অভিযুক্ত সাবেক ওসি সৈয়দ। ছবি: সংগৃহীত

পিরোজপুরের মঠবাড়িয়া থানার সাবেক ওসি সৈয়দ আব্দুল্লাহর বিরুদ্ধে প্রায় ১৮ কোটি ১৬ লাখ টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। একই মামলায় সহযোগিতার অভিযোগে তার স্ত্রী ফারহানা আক্তার ও শাশুড়ি কারিমা খাতুনকেও আসামি করা হয়েছে।

বৃহস্পতিবার দুদকের পিরোজপুর সমন্বিত জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. মোস্তাফিজ বাদী হয়ে মামলা দায়ের করেন।

দুদক জানায়, বর্তমানে ফেনী পুলিশ সুপারের কার্যালয়ে পরিদর্শক (ক্রাইম) হিসেবে কর্মরত সৈয়দ আব্দুল্লাহ ও তার পরিবারের সদস্যরা মিলিতভাবে প্রায় ১৮ কোটি ১৫ লাখ ৬০ হাজার ২৮৬ টাকার স্থাবর ও অস্থাবর সম্পদ অর্জন করেছেন বলে প্রাথমিক অনুসন্ধানে উঠে এসেছে।

অনুসন্ধান প্রতিবেদনে বলা হয়, স্ত্রীর নামে দুটি জাতীয় পরিচয়পত্র তৈরি করে সেগুলো ব্যবহার করে সঞ্চয়পত্র কেনা হয়। তার নামে বিভিন্ন ব্যাংকে প্রায় ১ কোটি ৭৭ লাখ টাকা জমা, ৩১ লাখ টাকার একটি গাড়ি এবং আবাসিক ও বাণিজ্যিক সম্পত্তি কেনার তথ্যও পাওয়া গেছে। শাশুড়ির নামেও একটি ফ্ল্যাট কেনার প্রমাণ মিলেছে। এছাড়া অভিযুক্তের নিজের নামেও দুটি প্লট রয়েছে বলে জানায় দুদক।

অভিযোগে বলা হয়, মঠবাড়িয়ায় কর্মরত থাকার সময় ক্ষমতার অপব্যবহার, মাদক ও চোরচালান সংশ্লিষ্টদের সঙ্গে যোগসাজশ এবং মিথ্যা মামলা বাণিজ্যের মাধ্যমে তিনি বিপুল অর্থ সংগ্রহ করেন। এসব অভিযোগের ভিত্তিতে ২০২০ সালে দুদক তদন্ত শুরু করে।

দুদক জানিয়েছে, সরকারি দায়িত্বে থেকে দুর্নীতি ও ঘুষের মাধ্যমে অর্জিত অর্থ বৈধ করার চেষ্টার অভিযোগে দুর্নীতি দমন কমিশন আইন, দণ্ডবিধি ও মানিলভারিং প্রতিরোধ আইনের বিভিন্ন ধারায় মামলা করা হয়েছে। পরবর্তী আইনি কার্যক্রম প্রক্রিয়াধীন।